



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন বিদেশে জনশক্তি প্রেরণকারী একটি সরকারি প্রতিষ্ঠান)

স্থাপিত-১৯৮৪



বিদেশে কর্মী নিয়োগ প্রক্রিয়ায় বোয়েসেলের কোন এজেন্ট/ সাব এজেন্ট/ দালাল বা প্রতিনিধি নেই।

স্বল্পতম খরচে সরকারিভাবে জর্ডানের গার্মেন্টস এ দক্ষ পুরুষ ও মহিলা কর্মী নিয়োগে সরাসরি
সাক্ষাৎকার

বিজ্ঞপ্তি নং-১৪৪১/২০১৯

তারিখ : ০৫.০৩.২০১৯ খ্রিস্টাব্দ।

বোয়েসেলের মাধ্যমে জর্ডানের Third Dimension Apparel LLC এর অধীনে নিম্নবর্ণিত পদে শুধু দক্ষ পুরুষ ও মহিলা কর্মী
নিয়োগ করা হবে :

ক্র নং	পদের নাম	পদের সংখ্যা	মাসিক মূলবেতন
০১	প্রোগ্রামার Programmer (লেজার)	০১ জন	১০০০ মার্কিন ডলার
০২	ফেব্রিক ইন্সপেক্টর Fabric Inspector	০১ জন	৭৫০-১২০০ মার্কিন ডলার
০৩	প্রোডাক্টশন ইন চার্জ এন্ড সুপারভাইজার Production In charge/Supervisore	০১ জন	৪০০-৬০০ মার্কিন ডলার
০৪	অপারেটর Operator (পিপি স্পেশ)	০৩ জন	১৭৬.৫০ মার্কিন ডলার
০৫	মহিলা সুইং মেশিন অপারেটর	৬৩ জন	১৭৬.৫০ মার্কিন ডলার

প্রার্থীদের সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং বয়স ১৮-৩৫ এর মধ্যে হতে হবে।

চাকরির শর্তাবলি :

- (১) দৈনিক ৮ (আট) ঘণ্টা ডিউটি, সপ্তাহে ৬ (ছয়) দিন এবং ওভারটাইম ২/৩ ঘণ্টা।
- (২) শিফটিং ডিউটি দুই সপ্তাহ দিনে এবং দুই সপ্তাহ রাতে।
- (২) চাকরির চুক্তি ০৩ (তিন) বৎসর।
- (৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং পরিবহনের ব্যবস্থা করা হবে।
- (৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- (৫) চুক্তি শেষ হবার আগে দেশে ফিরে আসতে চাইলে সেক্ষেত্রে জর্ডানের শ্রম আইন প্রযোজ্য হবে।
- (৬) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অযোগ্য হবেন।

বোয়েসেলের সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ :

নির্বাচিত পুরুষ কর্মীর বোয়েসেলের সার্ভিস চার্জ, বহির্গমন ট্যাক্স, ভ্যাট, বোয়েসেলের রেজিস্ট্রেশন ফি, স্মার্টকার্ড ফি এবং ওয়েজ আর্নান্স কল্যাণ ফি বাবদ ফেব্রিক ইন্সপেক্টর এবং প্রোগ্রামারের ক্ষেত্রে সর্বমোট =৮৬,৮৫০/ (ছিয়াশি হাজার আটশত পঞ্চাশ) এবং প্রোডাক্টশন ইন চার্জ এন্ড সুপারভাইজার এবং অপারেটরদের ক্ষেত্রে সর্বমোট =৫২,২৫০/ (বায়ান হাজার দুইশত পঞ্চাশ) টাকা “বোয়েসেল, ঢাকা” নামে পে-অর্ডার করে বোয়েসেল অফিসে জমা দিতে হবে। উল্লিখিত পরিমাণ ব্যতীত অন্য কোথাও কোন প্রকার অতিরিক্ত খরচের প্রয়োজন নেই।

সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে :

- (১) ৪(চার) কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা), (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০১ (এক) সেট রঙিন ও চার সেট সাদাকালো ফটোকপি (৩) বর্তমান অফিসের পরিচয়পত্র/হাজিরা কার্ড (৪) শিক্ষাগত / অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এবং (৫) জীবন বৃত্তান্ত (Bio-data)। আগ্রহী প্রার্থীদের উল্লিখিত কাগজপত্রসহ, সকাল ৮.০০ টায় সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য ০৮/০৩/২০১৯ ও ১৫/০৩/২০১৯ রোজ শুক্রবার বাংলাদেশ-জার্মান টেকনিক্যাল ট্রেনিং সেন্টার, মিরপুর-২, ঢাকা, এ উপস্থিত থাকতে অনুরোধ করা হলো। এ সংক্রান্ত যে কোনো তথ্যের জন্য ০২-৯৩৬১১২৫, ০২-৯৩৩৬৫০৮ ও ০২-৯৩৬১৫১৫ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

বোয়েসেল কোন নগদ অর্থ গ্রহণ করে না বিধায় কাউকে কোন নগদ অর্থ প্রদান করবেন না

স্বাক্ষর
০৫/০৩/১৯

স্বাক্ষর
০৫/০৩/১৯

বোয়েসেল কর্তৃপক্ষ

অফিস ঠিকানা:

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

যোগাযোগ নম্বর:

ফোন : ৮৮-০২-৯৩৩৬৫০৮, ৯৩৬১৫১৫ ও ৯৩৬১১২৫ (পিএবিএক্স)
ইমেইল : info@boesl.org.bd / mdboesl@gmail.com
ওয়েব : www.boesl.org.bd / www.boesl.portal.gov.bd
ফ্যাক্স : ৫৮৩১-৬৫৭৭, ৯৩৩০৬৫২